রাজস্বের প্রবৃদ্ধি

টেকসই সমৃদ্ধি

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় রাজস্ব বোর্ড
রাজস্ব ভবন, সেগুনবাগিচা, ঢাকা-১০০০
www.nbr.gov.bd

# বিজ্ঞপ্তি

## বিষয়: জাতীয় ভ্যাট দিবস ও ভ্যাট সপ্তাহ, ২০১৯ উদ্‌যাপন উপলক্ষে রচনা প্রতিযোগিতা।

জাতীয় রাজস্ব বোর্ড প্রতি বছরের মতো এবারও ১০ ডিসেম্বর'২০১৯ জাতীয় ভ্যাট দিবস ও ১০-১৫ ডিসেম্বর'২০১৯ জাতীয় ভ্যাট সপ্তাহ উদ্‌যাপন করতে যাচ্ছে। উক্ত ভ্যাট দিবস ও ভ্যাট সপ্তাহ উদ্‌যাপনের মূল লক্ষ্য হচ্ছে দেশের উন্নয়নে ভ্যাট এর গুরুত্ব জনসমক্ষে তুলে ধরা এবং এ সম্পর্কে জনসচেতনতা বৃদ্ধি করা। দেশের তরুণ প্রজন্মকে ভ্যাট বিষয়ে সচেতন করার লক্ষ্যে জাতীয় রাজস্ব বোর্ড স্কুল, কলেজ ও বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীদের মধ্যে রচনা প্রতিযোগিতার আয়োজন করেছে। এ প্রতিযোগিতায় অংশগ্রহণের অনুসরণীয় আনুষঙ্গিক তথ্য ও নিয়মাবলি নিম্নরূপ :

| বিভাগ | পর্যায় | বিষয় | পুরস্কার (সকল বিভাগের জন্য) |
|---|---|---|---|
| 'ক' বিভাগ | মাধ্যমিক পর্যায়ের শিক্ষার্থী (অষ্টম-দশম শ্রেণী) | ভ্যাট আহরণ বৃদ্ধিতে জনসচেতনতার গুরুত্ব (সর্বোচ্চ শব্দ সংখ্যা ৫০০) | ১ম পুরস্কার: ক্রেস্ট, সনদপত্র ও ২৫,০০০ টাকার প্রাইজবন্ড। ২য় পুস্কার: ক্রেস্ট, সনদপত্র ও ১৫,০০০ টাকার প্রাইজবন্ড। ৩য় পুরস্কার: ক্রেস্ট সনদপত্র ও ১০,০০০ টাকার প্রাইজবন্ড। বিশেষ পুরস্কার: (৪র্থ থেকে ১০ স্থান অধিকারীগণ) প্রত্যেকে ৫,০০০ টাকার প্রাইজবন্ড। |
| 'খ' বিভাগ | উচ্চ মাধ্যমিক পর্যায়ের শিক্ষার্থী (একাদশ-দ্বাদশ শ্রেণী) | ভ্যাট আহরণ বৃদ্ধিতে জনসচেতনতার বৃদ্ধির উপায় (সর্বোচ্চ শব্দ সংখ্যা ৭০০) | |
| 'গ' বিভাগ | স্নাতক, স্নাতকোত্তর অথবা সমমান পর্যায়ের শিক্ষার্থী | রাজস্ব প্রবৃদ্দিতে ভ্যাটের ভূমিকা: চ্যালেঞ্জ ও সম্ভাবনা (সর্বোচ্চ শব্দ সংখ্যা ১০০০) | |

লেখা পৌঁছানোর শেষ তারিখ
৩১ অক্টোবর, ২০১৯

লেখা পৌঁছানোর ঠিকানা

প্রকল্প পরিচালক
ভ্যাট অনলাইন প্রকল্প
আইডিইবি ভবন (৮ম তলা)
১৬০/এ, কাকরাইল, ঢাকা

## নিয়মাবলি :

- রচনা বাংলা ভাষায় রচিত হবে।
- A4 সাইজের সাদা কাগজে নিজ হাতে লিখতে হবে।
- **লেখার সাথে নিজের ও শিক্ষা প্রতিষ্ঠানের নাম, শ্রেণী/বিভাগ, বর্ষ, রোল ও শাখা এবং মোবাইল নম্বর (যোগাযোগের জন্য) উল্লেখ করতে হবে।**
- শিক্ষা প্রতিষ্ঠান প্রদত্ত শিক্ষার্থীর পরিচয়পত্রের ফটোকপি ও পাসপোর্ট সাইজের ০২(দুই) কপি ছবি পাঠাতে হবে।
- **খামের উপর "জাতীয় ভ্যাট দিবস ও ভ্যাট সপ্তাহ, ২০১৯ উদ্‌যাপন উপলক্ষে রচনা প্রতিযোগিতা" ও রচনার বিভাগ (ক, খ বা গ) লিখতে হবে।**
- বিচারকদের রায় চূড়ান্ত বলে বিবেচিত হবে।
- পুরস্কারপ্রাপ্ত রচনা জাতীয় পত্রিকা ও এনবিআর প্রকাশনায় মুদ্রিত হবে।

***বিশেষ দ্রষ্টব্য :*** *রচনা লেখার প্রয়োজনীয় তথ্য সংগ্রহের জন্য জাতীয় রাজস্ব বোর্ডের ওয়েব সাইট (www.nbr.gov.bd) এবং ভ্যাট দিবস ও ভ্যাট সপ্তাহ উপলক্ষ্যে বিভিন্ন জাতীয় ও আঞ্চলিক সংবাদপত্রে প্রকাশিত ক্রোড়পত্র, জাতীয় রাজস্ব বোর্ডের বিভিন্ন তথ্যবহুল বিজ্ঞাপন, মাননীয় অর্থমন্ত্রীর বিভিন্ন অর্থবছরে প্রদত্ত বাজেট বক্তৃতার সাহায্য নেয়া যাবে।*

সৈয়দ মুসফিকুর রহমান
কমিশনার
কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট (আপীল) কমিশনারেট, ঢাকা -১
ও
প্রকল্প পরিচালক
ভ্যাট অনলাইন প্রকল্প